ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪১১৮

আগরতলা, ৩ ডিসেম্বর, ২০২৫

**দিব্যাঙ্গজনদের অবহেলা নয়, সম্মান ও**
**সহানুভূতির চোখে দেখতে হবে ঃ উপাধ্যক্ষ**

পশ্চিম ত্রিপুরা জেলা সমাজ শিক্ষা আধিকারিক কার্যালয়ের উদ্যোগে আগরতলা ধলেশ্বরস্থিত রামকৃষ্ণ বিবেকানন্দ দ্বাদশ শ্রেণি বিদ্যালয় প্রাঙ্গণে আজ আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস ২০২৫ উপলক্ষ্যে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমস অনুষ্ঠিত হয়। ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল এই প্যারা গেমস অনুষ্ঠানের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপাধ্যক্ষ শ্রীপাল বলেন, দিব্যাঙ্গজনেরা ঈশ্বরের দান। তাই দিব্যাঙ্গজনদের অবহেলার চোখে নয়, সম্মান ও সহানুভুতির চোখে দেখা আমাদের সকলের কর্তব্য। স্বাভাবিক শিশুদের থেকেও এই দিব্যাঙ্গজন শিশুদের প্রতি আরও বেশি যত্নশীল হওয়া আমাদের কর্তব্য ও দায়িত্ব। তিনি বলেন, রাজ্য ও কেন্দ্রীয় সরকার এই দায়িত্ব ও কর্তব্য জ্ঞানেই দিব্যাঙ্গজনদের জন্য বিভিন্ন প্রগতিশীল প্রকল্পের উদ্ভাবন করেছে এবং সেগুলি বাস্তবায়িতও হচ্ছে। উপাধ্যক্ষ শ্রীপাল আরও বলেন, দিব্যাঙ্গ সন্তান হলে দিব্যাঙ্গ সন্তানকে হেয় নজরে দেখা এবং তার প্রতি উদাসীন থাকা থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। দিব্যাঙ্গ ভাইবোনেরা যাতে তাদের সুযোগ সুবিধাগুলি সঠিক ভাবে পায় সেই দিকে আমাদের নজর রাখতে হবে। রাজ্যের বর্তমান সরকার দিব্যাঙ্গজনদের পাশে আছে এবং ভবিষ্যতেও থাকবে। সেইসাথে তিনি সরকারের পাশে থেকে দিব্যাঙ্গজনদের একটি সুস্থ জীবন দিতে সবার প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসাবে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। তিনি বলেন, দিব্যাঙ্গজনদের প্রতি আমাদের অবশ্যই যত্নশীল থাকতে হবে। তারা যাতে নির্ভরযোগ্য সুষ্ঠু জীবন লাভ করতে পারে সেদিকে আমাদের বিশেষ ভাবে নজর রাখতে হবে। রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পরিকল্পনা ও সুবিধাগুলি সঠিক সময়ে তাদের কাছে পৌঁছে দিতে হবে। আজকের দিনে এই হোক আমাদের সংকল্প। অনুষ্ঠানে বক্তব্য রাখেন আগরতলা পুরনিগমের পূর্ব জোনের জোনাল চেয়ারম্যান সুখময় সাহা। উপস্থিত ছিলেন কর্পোরেটর মণিমুক্তা ভট্টাচার্য, পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক অরূপ দেব, রামকৃষ্ণ বিবেকানন্দ বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষিকা করুণা দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলা সমাজ শিক্ষা আধিকারিক দীপকলাল সাহা।

অনুষ্ঠানে খেলো ত্রিপুরা প্যারা গেমসে দৌড়, শটপুট, বিস্কুট রেস, ক্রিকেট ইত্যাদি ৪৫টি আউট ও ইনডোর ইভেন্টে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। জেলার দিব্যাঙ্গজনেরা উৎসাহের সাথে এই প্রতিযোগিতাগুলিতে অংশগ্রহণ করেন। উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল সহ অন্যান্য অতিথিগণ প্রতিযোগিতার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। বিশ্ব দিব্যাঙ্গজন দিবস উপলক্ষ্যে বিদ্যালয় প্রাঙ্গণে দিব্যাঙ্গজন শংসাপত্র ও বিভিন্ন চলন সামগ্রী বিতরণ করা হয়। অতিথিগণ তাদের হাতে সেই শংসাপত্র ও চলন সামগ্রী তুলে দেন। মাঠে আয়োজিত হয় দিব্যাঙ্গজনদের স্বাস্থ্য শিবির।

******